বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট

এসএফডি সার্কুলার লেটার নং-০২/২০২৬

তারিখ: ২৬ চৈত্র ১৪৩২
০৯ এপ্রিল ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

ইটভাটায় অর্থায়নের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা পরিপালন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে এসএফডি সার্কুলার নং-০৩, তারিখ ২৬ জুন ২০২২ এবং এসএফডি সার্কুলার নং-০৩, তারিখ ২২ অক্টোবর ২০২৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক বায়ুমান পরিবীক্ষণ কেন্দ্রসমূহের তথ্য ও উপাত্ত বিশ্লেষণে সাভার উপজেলার বায়ুর মান আশংকাজনকভাবে হ্রাস পেয়েছে বিধায় বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ মোতাবেক সাভার উপজেলাকে Degraded Air Shed হিসেবে ঘোষণা করা হয়েছে। উল্লেখ্য, বায়ু দূষণ রোধকল্পে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত Sustainable Finance Policy-2023-এ ইতোমধ্যে বিশুদ্ধ বায়ু নিশ্চিতকরণ এবং পরিবেশবান্ধব ইটভাটায় অর্থায়নের বিষয়ে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে। অধিকন্তু, বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত Environmental and Social Risk Management (ESRM)-2022 গাইডলাইনের 'Exclusion List'-এ Brick production through Fixed Chimney Kiln (FCK)-নামক খাতে সকল প্রকার অর্থায়ন থেকে বিরত থাকার নির্দেশনা দেওয়া হয়েছে এবং উল্লিখিত ইটভাটা ব্যতীত অন্যান্য পরিবেশবান্ধব ইটভাটায় অর্থায়নের ক্ষেত্রে Environmental and Social Due Diligence (ESDD) পরিপালন বাধ্যতামূলক করা হয়েছে।

৩। এক্ষণে, সাভার উপজেলায় অবস্থিত ইটভাটাসহ দেশের সকল ইটভাটায় অর্থায়নের ক্ষেত্রে Sustainable Finance Policy এবং ESRM Guideline-এ বর্ণিত নির্দেশনার পরিপালন ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহ নিশ্চিত করবে।

৪। ব্যাংক-কোম্পানি (সংশোধন) আইন, ২০২৩-এর ধারা ৪৫ এবং ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩-এর ৪১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে উপরিউক্ত নির্দেশনা জারী করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(চৌধুরী লিয়াকত আলী)
পরিচালক (এসএফডি)
ফোন: ৯৫৩০৩২০